



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -২
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২১.০৪.০২৫.২৩.২৭৪

তারিখ: ২৭ চৈত্র ১৪২৯

১০ এপ্রিল ২০২৩

বিষয়: রিট পিটিশন নং ১২৯৬/২০২৩ মোকদ্দমা সরকারপক্ষে পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট নং ১২৯৬/২০২৩-এর ০২/০২/২০২৩ খ্রিষ্টাব্দের আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাজীপুর সিটি কর্পোরেশন কর্তৃক ট্রেড লাইসেন্স নবায়নের বিষয়টিকে চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগ-এর সচিব মহোদয়সহ মোট পাঁচ জনকে প্রতিপক্ষ করে পিটিশনার কাশেম ফুডস লি: ব্যবস্থাপনা পরিচালক, জনাব তাসভির উল-ইসলাম কর্তৃক বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান-এর ১০২ অনুচ্ছেদ মোতাবেক রিট পিটিশন নং ১২৯৬/২০২৩ রুজু করা হয়েছে। বিজ্ঞ হাইকোর্ট বিভাগ শুনানি অন্ত্যে প্রতিপক্ষগণের প্রতি **ঝুলনিশি জারি** করেন। এ রিটের ৩নং প্রতিপক্ষ প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।

০২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১২৯৬/২০২৩ মোকদ্দমা সরকারপক্ষে পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা।

১০-৪-২০২৩

মাহবুবা আইরিন

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০১৯৭

ইমেইল: Lglaw2@lgd.gov.bd

সলিসিটর (যুগ্ম সচিব)

সলিসিটর অনুবিভাগ

আইন ও বিচার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২১.০৪.০২৫.২৩.২৭৪/১(৫)

তারিখ: ২৭ চৈত্র ১৪২৯

১০ এপ্রিল ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, নগর উন্নয়ন অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ

১০-৪-২০২৩

মাহবুবা আইরিন

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)